র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের পৃথক অভিযানে ৪০৩ বোতল ফেনসিডিলসহ ২ জন আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) ঝিনাইদহ ক্যাম্পের পৃথক দুটি দল অভিযান চালিয়ে ৪০৩ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটকরা হলেন, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার মাধবখালি গ্রামের আব্দুস সাত্তারের ছেলে শাহাজান খান ও একই উপজেলার সীমান্তবর্তি গোয়ালপাড়া গ্রামের শফিকুল ইসলামের ছেলে মাদক কারবারী মাসুম হোসেনকে (২৬)।

র্যাব-৬ ঝিনাইদহের ক্যাম্পের কমান্ডার মেজর মোহাম্মদ শরীফ আহসানের নেতৃত্বে আজ সোমবার (৪জুলাই) ভোররাত সাড়ে ৫ টা ২০ মিনিটের দিকে জীবনের পৌরসভা এলাকায় অভিযানে শাজাহান খানকে আটক করেন। এসময় তার কাছ থেকে ২৯৫ বোতল একটি মোবাইল ফোন জব্দ করেন। এঘটনায় জীবননগর থানায় মামলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে আসামীকে হস্তান্তর করা হয়েছে।

এছাড়া রবিবার দিবাগত (৩ জুলাই) রাত সাড়ে ১১ টার দিকে জীবননগর উপজেলা শহরে বেশ কিছু মাদক ক্রয়ের জন্য ক্রেতা বিক্রেতা অবস্থান করছেন এমন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি ইউনিট সেখানে অভিযান চালান। অভিযানে অন্যানরা পালিয়ে গেলেও জীবননগর উপজেলার শফিকুল ইসলামের ছেলে মাদক কারবারী মাসুম হোসেনকে (২৬) আটক করে র্যাবের দলটি। এসময় তার কাছ থেকে ১০৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। এছাড়া একটি মোবাইল ফোন জব্দ করা হয়ছে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে জীবননগর থানায় একটি নিয়মিত মামলা দিয়ে আসামীকে হস্তান্তর করা হয়েছে।